সাধারণ প্রশ্নসমূহ

আয়ের শংসাপত্র (ইনকাম সার্টিফিকেট)

১। আয়ের শংসাপত্রের জন্য আবেদন করতে হলে প্রয়োজনীয় যোগ্যতা কি?

উত্তরঃ আবেদনকারীকে পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে।

২। আয়ের শংসাপত্রের জন্য আবেদন করতে হলে কি কি সহায়ক নথিপত্র প্রয়োজন?

উত্তরঃ আয়ের শংসাপত্রের জন্য আবেদন করতে হলে নিম্নলিখিত সহায়ক নথিপত্র প্রয়োজনঃ

- বাসস্থানের প্রমাণঃ

এস ডি ও প্রদত্ত বাসস্থানের শংসাপত্র (রেসিডেন্সিয়াল সার্টিফিকেট)/ এপিক/ পাসপোর্ট/ ড্রাইভিং লাইসেন্স/ রেশন কার্ড/ সরকারী পরিচয়পত্র/ সেনাবাহিনীর পরিচয়পত্র (ডিফেন্স আই ডি কার্ড)/ প্যান কার্ড

- আয়ের প্রমাণঃ

বেতনের শংসাপত্র (স্যালারি সার্টিফিকেট), গ্রাম প্রধান/ মিউনিসিপ্যালিটির কাউন্সিলর প্রদত্ত আয়ের প্রমাণপত্র (ইনকাম প্রুফ), আয়কর প্রদানের শংসাপত্র (আই টি রিটার্ন সার্টিফিকেট)

- আবেদনকারীর ছবি

৩। আয়ের শংসাপত্রের জন্য আবেদন করতে হলে আবেদনকারীর কত খরচ হবে?
উত্তরঃ আয়ের শংসাপত্রের জন্য আবেদন করতে হলে কোনো পরিষেবা সংক্রান্ত মূল্য প্রদান করতে হবে না।

৪। আয়ের শংসাপত্রটি কতদিন অবধি বৈধ?
উত্তরঃ শংসাপত্র প্রদানের তারিখ থেকে পরবর্তী ৩ মাস অবধি আয়ের শংসাপত্রটি বৈধ।

বাসস্থানের শংসাপত্র (ডোমিসাইল সার্টিফিকেট)

১। বাসস্থানের শংসাপত্রের জন্য আবেদন করতে হলে প্রয়োজনীয় যোগ্যতা কি?

উত্তরঃ আবেদনকারীকে পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে।

২। বাসস্থানের শংসাপত্রের জন্য আবেদন করতে হলে কি কি সহায়ক নথিপত্র প্রয়োজন?

উত্তরঃ বাসস্থানের শংসাপত্রের জন্য আবেদন করতে হলে নিম্নলিখিত সহায়ক নথিপত্র প্রয়োজনঃ

- বাসস্থানের প্রমাণঃ ভাড়া বাড়ির প্রামাণ্য নথিপত্র (জমির দলিল/ খতিয়ান/ বাড়িভাড়ার রশিদ)/ বাস্তু জমির প্রামাণ্য নথিপত্র , এস ডি ও প্রদত্ত বাসস্থানের শংসাপত্র (রেসিডেন্সিয়াল সার্টিফিকেট)
- পরিচয়পত্রঃ ডিফেন্স আই ডি কার্ড / প্যান কার্ড / সরকারী আই ডি কার্ড / পাসপোর্ট / ড্রাইভিং লাইসেন্স / নির্বাচনী পরিচয়পত্র (ইলেকটরস ফটো আইডেন্টিটি কার্ড – এপিক) / রেশন কার্ড, ডি জি এইচ সি প্রদত্ত গোর্খা শংসাপত্রের (সার্টিফিকেট) ফটোকপি, সেনাবাহিনী/ বি এস এফ/ সি আর পি এফ/ সি আই এস এফ/ এস এস বি/ আই টি বি পি/ ই এফ আর প্রদত্ত কল লেটারের প্রত্যয়িত (অ্যাটেস্টেড) ফটোকপি, গ্রাম পঞ্চায়েত প্রধান/ বিধায়ক (এম এল এ)/ সাংসদ (এম পি) প্রদত্ত শংসাপত্র (সার্টিফিকেট)
- জন্মের প্রমাণপত্রঃ মাধ্যমিক পরীক্ষার অ্যাডমিট কার্ড / জন্মের শংসাপত্রের (বার্থ সার্টিফিকেট) ফটোকপি
- ছবিঃ ১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি – প্রত্যয়িত (অ্যাটেস্টেড)

৩। বাসস্থানের শংসাপত্রের জন্য আবেদন করতে হলে আবেদনকারীর কত খরচ হবে?
উত্তরঃ বাসস্থানের শংসাপত্রের জন্য আবেদন করতে হলে কোনো পরিষেবা সংক্রান্ত মূল্য প্রদান করতে হবে না।

গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মীদের বেনিফিশিয়ারি নিবন্ধীকরণ (বিল্ডিং অ্যান্ড আদার কনস্ট্রাকশন ওয়ার্কার্স বেনিফিশিয়ারি রেজিস্ট্রেশন)

১। গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মীদের বেনিফিশিয়ারি নিবন্ধীকরণ পরিষেবার জন্য আবেদন করতে হলে প্রয়োজনীয় যোগ্যতা কি?

উত্তরঃ গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মীদের বেনিফিশিয়ারি নিবন্ধীকরণ পরিষেবার জন্য আবেদন করতে হলে আবেদনকারীকে নিম্নলিখিত যোগ্যতাসমূহ পূরণ করতে হবেঃ

- আবেদনকারীকে গৃহ বা অন্যান্য নির্মাণকর্মী হতে হবে, যিনি শেষ ১ বছরে কমপক্ষে ৯০ দিন নির্মাণকার্যে নিযুক্ত ছিলেন।
- আবেদনকারীর বয়স ১৮ বছরের বেশী এবং ৬০ বছরের কম হতে হবে।

২। গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মীদের বেনিফিশিয়ারি নিবন্ধীকরণ পরিষেবার জন্য আবেদন করতে হলে কি কি সহায়ক নথিপত্র প্রয়োজন?

উত্তরঃ গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মীদের বেনিফিশিয়ারি নিবন্ধীকরণ পরিষেবার জন্য আবেদন করতে হলে নিম্নলিখিত সহায়ক নথিপত্র প্রয়োজনঃ

- বয়সের প্রমাণপত্র – হাসপাতাল/ নার্সিং হোম/ মিউনিসিপ্যালিটি/ পঞ্চায়েত কর্তৃক প্রদত্ত জন্মের শংসাপত্র (বার্থ সার্টিফিকেট), বিদ্যালয় ত্যাগের শংসাপত্র (স্কুল লিভিং সার্টিফিকেট), নির্বাচনী পরিচয়পত্র (ভোটার আইডেনটিটি কার্ড), রেশন কার্ড, ড্রাইভিং লাইসেন্স ইত্যাদির প্রত্যয়িত অনুকৃতি (অ্যাটেস্টেড কপি)
- নিয়োগকারী/ এম পি/ এম এল এ/ জেলা পরিষদের সভাধিপতি / শিলিগুড়ি মহকুমা পরিষদের প্রেসিডেন্ট/ মিউনিসিপ্যাল কর্পোরেশনের মেয়র/ বোরো কমিটির চেয়ারম্যান/ পঞ্চায়েত সমিতি প্রধান/ মিউনিসিপ্যালিটি চেয়ারম্যান বা ভাইস-চেয়ারম্যান/ গ্রাম পঞ্চায়েত প্রধান/ ন্যুনতম মূল্য নিরীক্ষক/ কৃষি-সংক্রান্ত ন্যুনতম মূল্য নিরীক্ষক/ দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলের কাউন্সিলর/ যে ব্যবসায়ী সমিতিতে (ট্রেড ইউনিয়ন) আবেদনকারী নিবন্ধীকৃত তার সভাপতি বা সম্পাদক প্রদত্ত শংসাপত্র (সার্টিফিকেট)
- ছবি – ১ কপি স্ক্যানের জন্য

৩। গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মীদের বেনিফিশিয়ারি নিবন্ধীকরণ পরিষেবার জন্য আবেদন করতে হলে আবেদনকারীর কত খরচ হবে?

উত্তরঃ গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মীদের বেনিফিশিয়ারি নিবন্ধীকরণ পরিষেবার জন্য আবেদন করতে হলে পরিষেবা সংক্রান্ত মূল্য নিম্নরূপঃ

- নিবন্ধীকরণ মূল্য (রেজিস্ট্রেশন ফি)- ২০ টাকা
- চাঁদা (সাবস্ক্রিপশন ফি)- ৩০ টাকা

পরিবহন কর্মীদের বেনিফিশিয়ারি নিবন্ধীকরণ (ট্রান্সপোর্ট ওয়ার্কার্স বেনিফিশিয়ারি রেজিস্ট্রেশন)

১। পরিবহন কর্মীদের বেনিফিশিয়ারি নিবন্ধীকরণ পরিষেবার জন্য আবেদন করতে হলে প্রয়োজনীয় যোগ্যতা কি?

উত্তরঃ পরিবহন কর্মীদের বেনিফিশিয়ারি নিবন্ধীকরণ পরিষেবার জন্য আবেদন করতে হলে আবেদনকারীকে নিম্নলিখিত যোগ্যতাসমূহ পূরণ করতে হবেঃ

- আবেদনকারীকে পরিবহন কর্মী হতে হবে।
- আবেদনকারীর বয়স ১৮ বছরের বেশী এবং ৬০ বছরের কম হতে হবে।

২। পরিবহন কর্মীদের বেনিফিশিয়ারি নিবন্ধীকরণ পরিষেবার জন্য আবেদন করতে হলে কি কি সহায়ক নথিপত্র প্রয়োজন?

উত্তরঃ পরিবহন কর্মীদের বেনিফিশিয়ারি নিবন্ধীকরণ পরিষেবার জন্য আবেদন করতে হলে নিম্নলিখিত সহায়ক নথিপত্র প্রয়োজনঃ

- বয়সের প্রমাণপত্র – হাসপাতাল/ নার্সিং হোম/ মিউনিসিপ্যালিটি/ পঞ্চায়েত কর্তৃক প্রদত্ত জন্মের শংসাপত্র (বার্থ সার্টিফিকেট), বিদ্যালয় ত্যাগের শংসাপত্র (স্কুল লিভিং সার্টিফিকেট), নির্বাচনী পরিচয়পত্র (ভোটার আইডেনটিটি কার্ড), রেশন কার্ড, ড্রাইভিং লাইসেন্স ইত্যাদির প্রত্যয়িত অনুকৃতি (অ্যাটেস্টেড কপি)
- নিয়োগকারী/ এম পি/ এম এল এ/ সংশ্লিষ্ট জেলার জেলা পরিষদের সভাধিপতি / কমিশনার / সংশ্লিষ্ট মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনের কাউন্সিলর / সংশ্লিষ্ট জেলা পরিষদ বা পঞ্চায়েত সমিতির সদস্য / সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত প্রধান / রাজ্য সরকারের আধিকারিক, ন্যুনতম ইনস্পেক্টর পদের / যে ব্যবসায়ী সমিতিতে (ট্রেড ইউনিয়ন) আবেদনকারী নিবন্ধীকৃত তার সভাপতি বা সম্পাদক প্রদত্ত শংসাপত্র (সার্টিফিকেট)
- ছবি – ১ কপি স্ক্যানের জন্য
- ছবি – প্রত্যেক নির্ভরশীল সদস্যের জন্য ১ কপি করে (ঐচ্ছিক)

৩। পরিবহন কর্মীদের বেনিফিশিয়ারি নিবন্ধীকরণ পরিষেবার জন্য আবেদন করতে হলে আবেদনকারীর কত খরচ হবে?
উত্তরঃ পরিবহন কর্মীদের বেনিফিশিয়ারি নিবন্ধীকরণ পরিষেবার জন্য আবেদন করতে হলে পরিষেবা সংক্রান্ত মূল্য নিম্নরূপঃ

- নিবন্ধীকরণ মূল্য (রেজিস্ট্রেশন ফি)- ৩০ টাকা

গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মীদের চাঁদা সংগ্রহ (বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন ওয়ার্কার্স সাবস্ক্রিপশন কালেকশন)

১। গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মীদের চাঁদা সংগ্রহের জন্য আবেদন করতে হলে প্রয়োজনীয় যোগ্যতা কি?

উত্তরঃ গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মীদের চাঁদা সংগ্রহের জন্য আবেদনকারীর কাছে একটি বৈধ নিবন্ধীকরণ সংখ্যা (রেজিস্ট্রেশন নাম্বার) থাকতে হবে।

২। গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মীদের চাঁদা সংগ্রহের জন্য আবেদন করতে হলে কি কি সহায়ক নথিপত্র প্রয়োজন?

উত্তরঃ গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মীদের বেনিফিশিয়ারি নিবন্ধীকরণ পরিষেবার জন্য আবেদন করতে হলে কোনো সহায়ক নথিপত্রের প্রয়োজন নেই।

৩। গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মীদের চাঁদা সংগ্রহের জন্য আবেদন করতে হলে আবেদনকারীর কত খরচ হবে?
উত্তরঃ গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মীদের চাঁদা সংগ্রহের জন্য আবেদন করতে হলে পরিষেবা সংক্রান্ত মূল্য নিম্নরূপঃ

- চাঁদা (সাবস্ক্রিপশন ফি)- ৩০ টাকা

গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মী ও পরিবহন কর্মীদের আর্থিক সুবিধা প্রদান (বিল্ডিং অ্যান্ড আদার কনস্ট্রাকশন ওয়ার্কার্স অ্যান্ড ট্রান্সপোর্ট ওয়ার্কার্স বেনিফিটস ডিসবার্সমেন্ট)

১। গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মী ও পরিবহন কর্মীদের আর্থিক সুবিধা প্রদানের জন্য আবেদন করতে হলে প্রয়োজনীয় যোগ্যতা কি?

উত্তরঃ গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মী ও পরিবহন কর্মীদের আর্থিক সুবিধা প্রদানের জন্য আবেদন করতে হলে আবেদনকারীকে একটি বৈধ নিবন্ধীকরণ সংখ্যার (রেজিস্ট্রেশন নাম্বার) অধিকারী হতে হবে।

২। গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মী ও পরিবহন কর্মীদের আর্থিক সুবিধা প্রদানের জন্য আবেদন করতে হলে কি কি সহায়ক নথিপত্র প্রয়োজন?

উত্তরঃ গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মী ও পরিবহন কর্মীদের আর্থিক সুবিধা প্রদানের জন্য আবেদন করতে হলে নিম্নলিখিত সহায়ক নথিপত্র প্রয়োজনঃ

i) সমস্ত আবেদনের জন্য নিবন্ধীকরণের (রেজিস্ট্রেশন) বিবরণসহ অ্যাকাউন্ট স্টেটমেন্ট

ii) বেনিফিশিয়ারির অ্যাকাউন্টে জমা পড়া অর্থের পরিমাণ

- যদি নিবন্ধীকৃত (রেজিস্টার্ড) কর্মী মারা গিয়ে থাকেন, তবে তার মৃত্যুর শংসাপত্র (ডেথ সার্টিফিকেট)

iii) চশমা ক্রয়

- চশমার অরিজিনাল ক্যাশ মেমো/ ভাউচার/ রসিদ
- ডাক্তারের প্রেশক্রিপসন

iv) যন্ত্রপাতি ক্রয়

- অরিজিনাল ক্যাশ মেমো/ ভাউচার/ রসিদ

v) স্বামী / স্ত্রীর পেনশন

- নিবন্ধীকৃত (রেজিস্টার্ড) পেনশনভোগী কর্মীর মৃত্যুর শংসাপত্র (ডেথ সার্টিফিকেট)

vi) সাইকেল ক্রয়

- নিবন্ধীকৃত (রেজিস্টার্ড) ডিলারের অরিজিনাল এস্টিমেট

vii) শারীরিক প্রতিবন্ধকতা

- প্রতিবন্ধকতার প্রমাণের জন্য ডাক্তারের শংসাপত্র
- বেনিফিসিয়ারির আঘাতপ্রাপ্ত অঙ্গের ছবি

viii) অন্ত্যেষ্টিক্রিয়ার খরচ

- নিবন্ধীকৃত (রেজিস্টার্ড) কর্মীর মৃত্যুর শংসাপত্র (ডেথ সার্টিফিকেট)
- পঞ্চায়েত/ মিউনিসিপ্যালিটি প্রদত্ত সমাধি বা দাহকার্যের শংসাপত্র

ix) সন্তানের জন্ম

- মেডিক্যাল প্রমাণ, ডাক্তারের শংসাপত্র
- ডিসচার্জ সার্টিফিকেট

x) আবেদনকারীর নিজের / সন্তানের শিক্ষার জন্য সহায়তা

- শিক্ষার্থীর প্রমাণ (প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক / অধ্যক্ষ প্রদত্ত শংসাপত্র)
- মার্ক শীটের কপি / শিক্ষার্থী সর্বশেষ যে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তার ফল

xi) দুর্ঘটনা ঘটলে

- ডিসচার্জ সার্টিফিকেট

xii) চিকিৎসা সংক্রান্ত ঘটনা

- মেডিক্যাল প্রমাণ, ডাক্তারের শংসাপত্র
- ডিসচার্জ সার্টিফিকেট
- অরিজিনাল বিল / ভাউচার

xiii) মৃত্যু হলে

- মৃত্যুর শংসাপত্র (ডেথ সার্টিফিকেট)
- স্বাভাবিক মৃত্যু হলে তার কারণসহ ডাক্তারের শংসাপত্র
- দুর্ঘটনায় মৃত্যু হলে এফ আই আর-এর কপি এবং ময়না তদন্তের রিপোর্ট

xiv) বিবাহের জন্য সহায়তা

- বিবাহের রেজিস্ট্রার/ মিউনিসিপ্যালিটি/ পঞ্চায়েত কর্তৃক প্রদত্ত বিবাহের শংসাপত্র (ম্যারেজ সার্টিফিকেট)

xv) গাড়ির চালকদের চক্ষু পরীক্ষা

- ডাক্তারের প্রেশক্রিপশন
- ড্রাইভিং লাইসেন্স

xvi) অন্যান্য নথিপত্র

৩। গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মী ও পরিবহন কর্মীদের আর্থিক সুবিধা প্রদানের জন্য আবেদন করতে হলে আবেদনকারীর কত খরচ হবে?

উত্তরঃ গৃহ এবং অন্যান্য নির্মাণকর্মী ও পরিবহন কর্মীদের আর্থিক সুবিধা প্রদানের জন্য আবেদন করতে হলে কোনো পরিষেবা সংক্রান্ত মূল্য প্রদান করতে হবে না।

বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণ (রেজিস্ট্রেশন অফ শপস অ্যান্ড এস্টাব্লিশমেন্টস)

১। বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের জন্য আবেদন করতে হলে প্রয়োজনীয় যোগ্যতা কি?

উত্তরঃ বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের জন্য আবেদন করতে হলে আবেদনকারীকে একটি বৈধ ট্রেড লাইসেন্সের অধিকারী হতে হবে।

২। বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের জন্য আবেদন করতে হলে কি কি সহায়ক নথিপত্র প্রয়োজন?

উত্তরঃ বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের জন্য আবেদন করতে হলে নিম্নলিখিত সহায়ক নথিপত্র প্রয়োজনঃ

- বৈধ ট্রেড লাইসেন্স
- অংশীদারী কারবার হলে অংশীদারিত্বের দলিল (পার্টনারশিপ ডিড)
- লিমিটেড বা প্রাইভেট লিমিটেড কোম্পানি হলে অ্যাসোসিয়শনের স্মারকপত্র
- আধিকারিক/ অংশীদারদের (ডিরেক্টর / পার্টনার) তালিকা
- নন-ব্যাঙ্কিং আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে আর বি আই অনুমোদন (অথরাইজেশন)
- ইনস্যুরেন্স এজেন্সির ক্ষেত্রে আই আর ডি এ অনুমোদন (অথরাইজেশন)
- ফর্ম – X (অ্যাপয়েন্টমেন্ট লেটার)
- প্রদত্ত বিবরণ নির্ভুল প্রমাণ করার জন্য অন্যান্য নথিপত্র
- প্রকৃত নিবন্ধীকরণ শংসাপত্রের (অরিজিনাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট) ক্ষতি/ হারিয়ে যাওয়া সংক্রান্ত এফ আই আর নথি (নকল শংসাপত্রের আবেদনের জন্য)

৩। বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের জন্য আবেদন করতে হলে আবেদনকারীর কত খরচ হবে?

উত্তরঃ বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের জন্য আবেদন করতে হলে পরিষেবা সংক্রান্ত মূল্য নিম্নরূপঃ

- যে বিপণিতে কোনো কর্মচারী নেই - ২৫ টাকা
- যে বিপণিতে কর্মচারীর সংখ্যা ১-৫ – ৩০ টাকা
- যে বিপণিতে কর্মচারীর সংখ্যা ৬-২০ – ৪০ টাকা
- যে বিপণিতে কর্মচারীর সংখ্যা ২০-এর বেশী – ১০০ টাকা

- যে প্রতিষ্ঠানে (যে কোনো ধরণের) কোনো কর্মচারী নেই - ২৫ টাকা
- যে প্রতিষ্ঠানে (যে কোনো ধরণের) কর্মচারীর সংখ্যা ১-৫ – ৩০ টাকা
- যে প্রতিষ্ঠানে (যে কোনো ধরণের) কর্মচারীর সংখ্যা ৬-২০ – ৫০ টাকা
- যে প্রতিষ্ঠানে (যে কোনো ধরণের) কর্মচারীর সংখ্যা ২০-এর বেশী – ২৫০ টাকা

বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের নবীকরণ (রিন্যুয়াল অফ রেজিস্ট্রেশন অফ শপস অ্যান্ড এস্টাব্লিশমেন্টস)

১। বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের নবীকরণের জন্য আবেদন করতে হলে প্রয়োজনীয় যোগ্যতা কি?

উত্তরঃ বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের নবীকরণের জন্য আবেদন করতে হলে আবেদনকারীকে একটি বৈধ নিবন্ধীকরণ সংখ্যার (রেজিস্ট্রেশন নাম্বার) অধিকারী হতে হবে।

২। বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের নবীকরণের জন্য আবেদন করতে হলে কি কি সহায়ক নথিপত্র প্রয়োজন?

উত্তরঃ বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের নবীকরণের জন্য আবেদন করতে হলে নিম্নলিখিত সহায়ক নথিপত্র প্রয়োজনঃ

- প্রকৃত নিবন্ধীকরণ শংসাপত্র (অরিজিনাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট)
- বৈধ ট্রেড লাইসেন্স
- কর্মচারীর বিবৃতি
- প্রদত্ত বিবরণ নির্ভুল প্রমাণ করার জন্য অন্যান্য নথিপত্র

৩। বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের নবীকরণের জন্য আবেদন করতে হলে আবেদনকারীর কত খরচ হবে?

উত্তরঃ বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের নবীকরণের জন্য আবেদন করতে হলে পরিষেবা সংক্রান্ত মূল্য নিম্নরূপঃ

- যে বিপণিতে কোনো কর্মচারী নেই - ২৫ টাকা
- যে বিপণিতে কর্মচারীর সংখ্যা ১-৫ – ৩০ টাকা
- যে বিপণিতে কর্মচারীর সংখ্যা ৬-২০ – ৪০ টাকা
- যে বিপণিতে কর্মচারীর সংখ্যা ২০-এর বেশী – ১০০ টাকা

- যে প্রতিষ্ঠানে (যে কোনো ধরণের) কোনো কর্মচারী নেই - ২৫ টাকা
- যে প্রতিষ্ঠানে (যে কোনো ধরণের) কর্মচারীর সংখ্যা ১-৫ – ৩০ টাকা
- যে প্রতিষ্ঠানে (যে কোনো ধরণের) কর্মচারীর সংখ্যা ৬-২০ – ৫০ টাকা
- যে প্রতিষ্ঠানে (যে কোনো ধরণের) কর্মচারীর সংখ্যা ২০-এর বেশী – ২৫০ টাকা

বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের পরিবর্তনের বিজ্ঞপ্তি (নোটিস অফ চেঞ্জ ইন রেজিস্ট্রেশন অফ শপস অ্যান্ড এস্টাব্লিশমেন্টস)

১। বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের পরিবর্তনের বিজ্ঞপ্তির জন্য আবেদন করতে হলে প্রয়োজনীয় যোগ্যতা কি?

উত্তরঃ বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের পরিবর্তনের বিজ্ঞপ্তির জন্য আবেদন করতে হলে আবেদনকারীকে একটি বৈধ নিবন্ধীকরণ সংখ্যার (রেজিস্ট্রেশন নাম্বার) অধিকারী হতে হবে।

২। বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের পরিবর্তনের বিজ্ঞপ্তির জন্য জন্য আবেদন করতে হলে কি কি সহায়ক নথিপত্র প্রয়োজন?

উত্তরঃ বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের পরিবর্তনের বিজ্ঞপ্তির জন্য আবেদন করতে হলে নিম্নলিখিত সহায়ক নথিপত্র প্রয়োজনঃ

- বৈধ নিবন্ধীকরণ শংসাপত্র (রেজিস্ট্রেশন সার্টিফিকেট)
- বৈধ ট্রেড লাইসেন্স
- অংশীদারী কারবার হলে অংশীদারিত্বের দলিল (পার্টনারশিপ ডিড)
- লিমিটেড বা প্রাইভেট লিমিটেড কোম্পানি হলে অ্যাসোসিয়শনের স্মারকপত্র
- আধিকারিক/ অংশীদারদের (ডিরেক্টর/ পার্টনার) তালিকা
- নন-ব্যাঙ্কিং আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে আর বি আই অনুমোদন (অথরাইজেশন)
- ইনস্যুরেন্স এজেন্সির ক্ষেত্রে আই আর ডি এ অনুমোদন (অথরাইজেশন)
- ফর্ম – X (অ্যাপয়েন্টমেন্ট লেটার)
- কর্মচারীদের সম্পূর্ণ এবং সর্বশেষ সেটেলমেন্টের অনুকৃতি (কপি অফ ফুল অ্যাণ্ড ফাইনাল সেটেলমেণ্ট)
- প্রকৃত নিবন্ধীকরণ শংসাপত্রের (অরিজিনাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট) ক্ষতি/ হারিয়ে যাওয়া সংক্রান্ত এফ আই আর নথি (নকল শংসাপত্রের আবেদনের জন্য)

৩। বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের পরিবর্তনের বিজ্ঞপ্তির জন্য আবেদন করতে হলে আবেদনকারীর কত খরচ হবে?

উত্তরঃ বিপণি এবং প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের পরিবর্তনের বিজ্ঞপ্তির জন্য আবেদন করতে হলে পরিষেবা সংক্রান্ত মূল্য নিম্নরূপঃ

- যে বিপণিতে কোনো কর্মচারী নেই - ১০ টাকা
- যে বিপণিতে কর্মচারীর সংখ্যা ১-৫ – ২০ টাকা
- যে বিপণিতে কর্মচারীর সংখ্যা ৬-২০ – ২৫ টাকা
- যে বিপণিতে কর্মচারীর সংখ্যা ২০-এর বেশী – ৫০ টাকা

- যে প্রতিষ্ঠানে (যে কোনো ধরণের) কোনো কর্মচারী নেই - ১০ টাকা
- যে প্রতিষ্ঠানে (যে কোনো ধরণের) কর্মচারীর সংখ্যা ১-৫ – ২০ টাকা
- যে প্রতিষ্ঠানে (যে কোনো ধরণের) কর্মচারীর সংখ্যা ৬-২০ – ২৫ টাকা

- যে প্রতিষ্ঠানে (যে কোনো ধরণের) কর্মচারীর সংখ্যা ২০-এর বেশী – ৫০ টাকা

ব্যবসায়ী প্রতিষ্ঠান, সমিতি এবং অবাণিজ্যিক সংস্থার নিবন্ধীকরণ (রেজিস্ট্রেশন অফ ফার্মস, সোসাইটিস অ্যান্ড নন-ট্রেডিং কর্পোরেশনস)

১। ব্যবসায়ী প্রতিষ্ঠান, সমিতি এবং অবাণিজ্যিক সংস্থার নিবন্ধীকরণের জন্য আবেদন করতে হলে প্রয়োজনীয় যোগ্যতা কি?

উত্তরঃ ব্যবসায়ী প্রতিষ্ঠান, সমিতি এবং অবাণিজ্যিক সংস্থার নিবন্ধীকরণের জন্য আবেদন করতে হলে আবেদনকারীকে পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে।

২। ব্যবসায়ী প্রতিষ্ঠান, সমিতি এবং অবাণিজ্যিক সংস্থার নিবন্ধীকরণের জন্য আবেদন করতে হলে কি কি সহায়ক নথিপত্র প্রয়োজন?

উত্তরঃ ব্যবসায়ী প্রতিষ্ঠান, সমিতি এবং অবাণিজ্যিক সংস্থার নিবন্ধীকরণের জন্য আবেদন করতে হলে নিম্নলিখিত সহায়ক নথিপত্র প্রয়োজনঃ

- আবেদনকারীর ছবিসহ পরিচয়পত্র - কর্তৃপক্ষ-মণ্ডলীর প্রথম সদস্যের জন্য (ফার্স্ট গভর্নিং বডি মেম্বার)
- বেসরকারী ক্ষেত্রের জন্য মালিকানার প্রমাণপত্র
- উপযুক্ত কর্তৃপক্ষ বা জমি / ভবনের মালিক প্রদত্ত এন ও সি (নো অবজেকশন সার্টিফিকেট)- সরকারী জমি/ ভবনের জন্য বাধ্যতামূলক

৩। ব্যবসায়ী প্রতিষ্ঠান, সমিতি এবং অবাণিজ্যিক সংস্থার নিবন্ধীকরণের জন্য আবেদন করতে হলে আবেদনকারীর কত খরচ হবে?

উত্তরঃ ব্যবসায়ী প্রতিষ্ঠান, সমিতি এবং অবাণিজ্যিক সংস্থার নিবন্ধীকরণের জন্য আবেদন করতে হলে পরিষেবা সংক্রান্ত মূল্য নিম্নরূপঃ

- নিবন্ধীকরণ মূল্য (রেজিস্ট্রেশন ফি)- ১৫০ টাকা

স্মারকলিপি এবং বিধিনিয়ম সংশোধন (অ্যামেণ্ডমেন্ট অফ মেমোর‍্যাণ্ডাম অ্যান্ড রেগুলেশনস)

১। স্মারকলিপি এবং বিধিনিয়ম সংশোধনের জন্য আবেদন করতে হলে প্রয়োজনীয় যোগ্যতা কি?

উত্তরঃ স্মারকলিপি এবং বিধিনিয়ম সংশোধনের জন্য আবেদন করতে হলে আবেদনকারীকে পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে।

২। স্মারকলিপি এবং বিধিনিয়ম সংশোধনের জন্য আবেদন করতে হলে কি কি সহায়ক নথিপত্র প্রয়োজন?

উত্তরঃ স্মারকলিপি এবং বিধিনিয়ম সংশোধনের জন্য আবেদন করতে হলে নিম্নলিখিত সহায়ক নথিপত্র প্রয়োজনঃ

স্মারকলিপি এবং বিধিনিয়ম সংশোধনের অনুমতিপত্রের (পারমিশন লেটার) জন্যঃ

- সর্বশেষ বাৎসরিক রিটার্নের রসিদের স্ব-প্রত্যয়িত ফটোকপি
- V নং ফর্ম

স্মারকলিপি এবং বিধিনিয়ম সংশোধনের অনুমোদনপত্রের (কনফার্মেশন লেটার) জন্যঃ

- সর্বশেষ বাৎসরিক রিটার্নের রসিদের স্ব-প্রত্যয়িত ফটোকপি
- এ জি এম (অ্যানুয়াল জেনারেল মিটিং)-এর বিবরণের স্ব-প্রত্যয়িত ফটোকপি
- VI নং ফর্ম (সম্পূর্ণ ভর্তি করা)

৩। স্মারকলিপি এবং বিধিনিয়ম সংশোধনের জন্য আবেদন করতে হলে আবেদনকারীর কত খরচ হবে?

উত্তরঃ স্মারকলিপি এবং বিধিনিয়ম সংশোধনের জন্য আবেদন করতে হলে পরিষেবা সংক্রান্ত মূল্য নিম্নরূপঃ
সরকারী মূল্যঃ ৫০ টাকা

বাৎসরিক রিটার্ন ফাইল (অ্যানুয়াল ফাইলিং অফ রিটার্নস)

১। বাৎসরিক রিটার্ন ফাইল (অ্যানুয়াল ফাইলিং অফ রিটার্নস)-এর জন্য আবেদন করতে হলে প্রয়োজনীয় যোগ্যতা কি?

উত্তরঃ বাৎসরিক রিটার্ন ফাইল (অ্যানুয়াল ফাইলিং অফ রিটার্নস)-এর জন্য আবেদন করতে হলে আবেদনকারীকে পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে।

২। বাৎসরিক রিটার্ন ফাইল (অ্যানুয়াল ফাইলিং অফ রিটার্নস)-এর জন্য আবেদন করতে হলে কি কি সহায়ক নথিপত্র প্রয়োজন?

উত্তরঃ বাৎসরিক রিটার্ন ফাইল (অ্যানুয়াল ফাইলিং অফ রিটার্নস)-এর জন্য আবেদন করতে হলে নিম্নলিখিত সহায়ক নথিপত্র প্রয়োজনঃ

- সার্টিফায়েড চার্টার্ড অ্যাকাউন্টান্ট দ্বারা নিরীক্ষিত আয় ব্যয়ের হিসাব (চলতি আর্থিক বছরের জন্য), সোসাইটির প্রেসিডেন্ট এবং সেক্রেটারির দ্বারা স্বাক্ষরীকৃত
- সোসাইটির বাৎসরিক রিপোর্ট (চলতি আর্থিক বছরের জন্য)
- পরিচালন সমিতি (গভর্নিং বডি) এবং কার্যনির্বাহী কমিটির (এক্সিকিউটিভ কমিটি) সদস্যদের নাম, ঠিকানা এবং জীবিকার লিস্ট (পরবর্তী আর্থিক বছরের জন্য)
- VI নং ফর্ম (সম্পূর্ণ ভর্তি করা)

৩। বাৎসরিক রিটার্ন ফাইল (অ্যানুয়াল ফাইলিং অফ রিটার্নস)-এর জন্য আবেদন করতে হলে আবেদনকারীর কত খরচ হবে?

উত্তরঃ বাৎসরিক রিটার্ন ফাইল (অ্যানুয়াল ফাইলিং অফ রিটার্নস)-এর জন্য আবেদন করতে হলে পরিষেবা সংক্রান্ত মূল্য নিম্নরূপঃ
সরকারী মূল্যঃ ৫০ টাকা

দলিলের প্রত্যয়িত অনুকৃতি (সার্টিফায়েড কপি অফ ডিড)

১। দলিলের প্রত্যয়িত অনুকৃতির জন্য আবেদন করতে হলে প্রয়োজনীয় যোগ্যতা কি?

উত্তরঃ দলিলের প্রত্যয়িত অনুকৃতির জন্য আবেদন করতে হলে আবেদনকারীর কাছে একটি বৈধ দলিল সংখ্যা (ডিড নং) থাকতে হবে।

২। দলিলের প্রত্যয়িত অনুকৃতির জন্য আবেদন করতে হলে কি কি সহায়ক নথিপত্র প্রয়োজন?

উত্তরঃ দলিলের প্রত্যয়িত অনুকৃতির জন্য আবেদন করতে হলে কোনো সহায়ক নথিপত্র প্রয়োজন নেই।

৩। দলিলের প্রত্যয়িত অনুকৃতির জন্য আবেদন করতে হলে আবেদনকারীর কত খরচ হবে?

উত্তরঃ বিভাগীয় অ্যাপ্লিকেশন দ্বারা সৃষ্ট দলিলের অনুকৃতিতে কতগুলি পৃষ্ঠা আছে, তার উপর নির্ভর করে পরিষেবার মূল্য। এর বিষদ বিবরণ নিম্নানুরূপঃ

- অনুসন্ধান বাবদে (সার্চিং ফি) - ২ টাকা
- মুল্যায়ন বাবদে (এস্টিমেশন ফি) – ২ টাকা
- আপতকালীন পরিষেবা বাবদে (আরজেন্ট ফি) – ৪ টাকা (ঐচ্ছিক)
- অনুকৃতি বাবদে (কপিং ফি) – দলিলের পৃষ্ঠা সংখ্যা প্রতি – ৭.৫০ টাকা
- মুদ্রাঙ্ক শুল্ক (স্ট্যাম্প ডিউটি) – ১০ টাকা

খতিয়ানের প্রত্যয়িত অনুকৃতি (সার্টিফায়েড কপি অফ আর ও আর)

১। খতিয়ানের প্রত্যয়িত অনুকৃতির জন্য আবেদন করতে হলে প্রয়োজনীয় যোগ্যতা কি?

উত্তরঃ খতিয়ানের প্রত্যয়িত অনুকৃতির জন্য আবেদন করতে হলে আবেদনকারীর কাছে একটি বৈধ মৌজা নং এবং খতিয়ান নং (আর ও আর নং) থাকতে হবে।

২। খতিয়ানের প্রত্যয়িত অনুকৃতির জন্য আবেদন করতে হলে কি কি সহায়ক নথিপত্র প্রয়োজন?

উত্তরঃ খতিয়ানের প্রত্যয়িত অনুকৃতির জন্য আবেদন করতে হলে নিম্নলিখিত সহায়ক নথিপত্র প্রয়োজনঃ

- যে খতিয়ানের জন্য আবেদন করা হয়েছে তার ট্যাক্সের রশিদ (ট্যাক্স রিসিপ্ট অফ রিকোয়েস্টেড আর ও আর)

৩। খতিয়ানের প্রত্যয়িত অনুকৃতির জন্য আবেদন করতে হলে আবেদনকারীর কত খরচ হবে?

উত্তরঃ খতিয়ানের প্রত্যয়িত অনুকৃতির জন্য আবেদন করতে হলে পরিষেবা সংক্রান্ত মূল্য নিম্নরূপঃ

- ➢ খতিয়ান বাবদে
    - আবেদন বাবদে (অ্যাপ্লিকেশন ফি) - ১০ টাকা
    - প্রমাণ বাবদে (অথেণ্টিকেশন ফি) – ১০ টাকা
    - প্রত্যেকটি অতিরিক্ত পৃষ্ঠা বাবদে (এভরি এক্সট্রা পেজ) – ১০ টাকা

- ➢ মানচিত্র বাবদে
    - আবেদন বাবদে (অ্যাপ্লিকেশন ফি) - ১০ টাকা
    - প্রমাণ বাবদে (অথেণ্টিকেশন ফি) – ১০ টাকা
    - মানচিত্রের প্রত্যেকটি অতিরিক্ত পৃষ্ঠা বাবদে (এভরি এক্সট্রা পেজ অফ ম্যাপ) – ১০ টাকা

জমি-সংক্রান্ত তথ্যাদি প্রদান (ইস্যুয়েন্স অফ প্লট ইনফরমেশন)

১। জমি-সংক্রান্ত তথ্যাদি প্রদানের জন্য আবেদন করতে হলে প্রয়োজনীয় যোগ্যতা কি?

উত্তরঃ জমি-সংক্রান্ত তথ্যাদি প্রদানের জন্য আবেদন করতে হলে আবেদনকারীর কাছে একটি বৈধ মৌজা নং এবং জমি নং (প্লট নং) থাকতে হবে।

২। জমি-সংক্রান্ত তথ্যাদি প্রদানের জন্য আবেদন করতে হলে কি কি সহায়ক নথিপত্র প্রয়োজন?

উত্তরঃ জমি-সংক্রান্ত তথ্যাদি প্রদানের জন্য আবেদন করতে হলে নিম্নলিখিত সহায়ক নথিপত্র প্রয়োজনঃ

- যে জমির তথ্যের জন্য আবেদন করা হয়েছে তার ট্যাক্সের রশিদ (ট্যাক্স রিসিপ্ট অফ রিকোয়েস্টেড প্লট)

৩। জমি-সংক্রান্ত তথ্যাদি প্রদানের জন্য আবেদন করতে হলে আবেদনকারীর কত খরচ হবে?

উত্তরঃ জমি-সংক্রান্ত তথ্যাদি প্রদানের জন্য আবেদন করতে হলে পরিষেবা সংক্রান্ত মূল্য নিম্নরূপঃ

- জমির তথ্যাদি বাবদে
  - আবেদন বাবদে (অ্যাপ্লিকেশন ফি) - ১০ টাকা
  - প্রমাণ বাবদে (অথেণ্টিকেশন ফি) – ১০ টাকা

- মানচিত্র বাবদে (যদি চাওয়া হয়ে থাকে)
  - আবেদন বাবদে (অ্যাপ্লিকেশন ফি) - ১০ টাকা
  - প্রমাণ বাবদে (অথেণ্টিকেশন ফি) – ১০ টাকা

আগ্নেয়াস্ত্রের অনুমতিপত্র প্রদান (ইস্যুয়েন্স অফ ফায়ারআর্ম লাইসেন্স)

১। আগ্নেয়াস্ত্রের অনুমতিপত্র প্রদানের জন্য আবেদন করতে হলে প্রয়োজনীয় যোগ্যতা কি?

উত্তরঃ আগ্নেয়াস্ত্রের অনুমতিপত্র প্রদানের জন্য আবেদন করতে হলে

- আবেদনকারীর ন্যূনতম বয়স ২১ বছর হতে হবে।
- আবেদনকারীকে পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে।

২। আগ্নেয়াস্ত্রের অনুমতিপত্র প্রদানের জন্য আবেদন করতে হলে কি কি সহায়ক নথিপত্র প্রয়োজন?

উত্তরঃ আগ্নেয়াস্ত্রের অনুমতিপত্র প্রদানের জন্য আবেদন করতে হলে নিম্নলিখিত সহায়ক নথিপত্র প্রয়োজনঃ

i) পরিচয়পত্র (এপিক/ পাসপোর্ট/ প্যান কার্ড/ ড্রাইভিং লাইসেন্স/ রেশন কার্ড/ সরকারী পরিচয়পত্র/ প্রতিরক্ষা বিভাগের পরিচয়পত্র)

ii) বয়সের প্রমাণপত্র (এপিক/ পাসপোর্ট/ প্যান কার্ড/ ড্রাইভিং লাইসেন্স/ রেশন কার্ড/ ম্যাট্রিকুলেশন পরীক্ষার অ্যাডমিট কার্ড/ জন্মের শংসাপত্র)

iii) এস ডি ও প্রদত্ত বাসস্থানের শংসাপত্র

iv) একটি রঙ্গীন পাসপোর্ট মাপের ছবি

v) সেনাবাহিনীতে চাকরীর শংসাপত্র (সেনাবাহিনীর কর্মচারীদের জন্য)

vi) অসামরিক ব্যক্তিদের জন্য আয়করের প্রমাণপত্র

vii) শারীরিক সুস্থতার প্রমাণপত্র (মেডিক্যাল ফিটনেস সার্টিফিকেট)

viii) ডি এফ ও প্রদত্ত এন ও সি (যদি ১০ কিলোমিটারের মধ্যে কোনো জঙ্গল থাকে)

ix) ১০ কিলোমিটারের মধ্যে কোনো জঙ্গল নেই – এই মর্মে বি ডি ও প্রদত্ত শংসাপত্র

৩। আগ্নেয়াস্ত্রের অনুমতিপত্র প্রদানের জন্য আবেদন করতে হলে আবেদনকারীর কত খরচ হবে?

উত্তরঃ আগ্নেয়াস্ত্রের অনুমতিপত্র প্রদানের জন্য আবেদন করতে হলে পরিষেবা সংক্রান্ত মূল্য নিম্নরূপঃ

- রিভলভার এবং পিস্তল- ২৫০ টাকা প্রতি বছর
- বন্দুকের লাইসেন্স- ১০০ টাকা প্রতি বছর